রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"


# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, আগস্ট ১১, ২০২২**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**মাদক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নম্বর ২৬৮-আইন/২০২২।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর দফা (২) এর বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) ''**কমিশন**'' অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) ''**জিপিএ**'' অর্থ Grade Point Average (GPA);

(গ) ''**তফসিল**'' অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) ''**নিয়োগকারী কর্তৃপক্ষ**" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;

(ঙ) ''**পদ**'' অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;



**মূল্য :** টাকা ৩০.০০

(চ) ''**প্রয়োজনীয় যোগ্যতা**'' অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) ''**শিক্ষানবিশ**'' অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(জ) ''**সিজিপিএ**'' অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঝ) ''**স্বীকৃত বিশ্ববিদ্যালয়**'' বা ''**স্বীকৃত বোর্ড**'' বা ''**স্বীকৃত ইনস্টিটিউট**'' বা ''**স্বীকৃত প্রতিষ্ঠান**'' অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে, তবে ২০তম গ্রেডের কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা বা না করা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে; এবং

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন বা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড বা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে বা তদন্ত হইলে, তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে এই বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **প্রেষণে বদলির মাধ্যমে নিয়োগ।**—নিয়োগকারী কর্তৃপক্ষ তফসিল-১ এ বর্ণিত কোনো পদে প্রেষণে বদলির মাধ্যমে নিয়োগ প্রদান করিতে পারিবে।

৭। **শিক্ষানবিশ।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয় যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে, সেই সকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৮। **বিশেষ বিধান।**—(১) তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৪ বা অন্য কোনো সরকারি আদেশে উল্লিখিত ও তফসিল-১ এ বর্ণিত ক্রমিক নং ৩৭ এ উল্লিখিত 'তত্ত্বাবধায়ক', ক্রমিক নং ৬৩ এ উল্লিখিত 'উচ্চমান সহকারী', ক্রমিক নং ৮১ এ উল্লিখিত 'হিসাব সহকারী' এবং ক্রমিক নং ৮৩ এ উল্লিখিত 'টেবুলেটর' পদে বর্তমানে কর্মরত কর্মচারীগণের পদোন্নতি, অবসর, পদত্যাগ, চাকরির অবসান, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য হইলে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে।

(৩) তফসিল-১ এ বর্ণিত ক্রমিক নং ৮৮ এ উল্লিখিত 'বাবুর্চি', ক্রমিক নং ৯১ এ উল্লিখিত 'সহকারী বাবুর্চি', ক্রমিক নং ৯২ এ উল্লিখিত 'নিরাপত্তা প্রহরী', ক্রমিক নং ৯৩ এ উল্লিখিত 'মালী' এবং ক্রমিক নং ৯৪ এ উল্লিখিত 'পরিচ্ছন্নতা কর্মী' পদে কর্মরত কোনো কর্মচারীর পদ পদোন্নতি, অবসর, পদত্যাগ, চাকরির অবসান, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে উহার বিপরীতে "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০১৮" অনুযায়ী সেবা গ্রহণ করা হইবে।

৯। **রহিতকরণ ও হেফাজত।**—(১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৪, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে;

(গ) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন; এবং

(ঘ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

**তফসিল-১**
**[বিধি ২ এর দফা (গ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | - | - | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (২) এর বিধান অনুযায়ী। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>পরিচালক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>যুগ্মসচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩। | চিফ কনসালটেন্ট | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সিনিয়র কনসালটেন্ট পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সাইকিয়াট্রি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(গ) কোনো স্বীকৃত জার্নালে প্রকাশিত ৫(পাঁচ) টি প্রকাশনা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৪। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অতিরিক্ত পরিচালক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>উপসচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫। | প্রধান রাসায়নিক পরীক্ষক | ৪৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে বা প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) রাসায়নিক পরীক্ষক পদে অন্যূন ৬(ছয়) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) কোনো স্বীকৃত জার্নালে প্রকাশিত ৩(তিন) টি প্রকাশনা।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বা ফলিত রসায়ন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট ক্ষেত্রে পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার প্রদান করা হইবে;<br>(গ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের মাদকদ্রব্য, ড্রাগ ও রাসায়নিক বিশ্লেষণে অন্যূন ১২(বারো) বৎসরের অভিজ্ঞতা;<br>(ঘ) কোনো স্বীকৃত জার্নালে প্রকাশিত ৩(তিন) টি প্রকাশনা; এবং<br>(ঙ) কোনো প্রার্থীর শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।<br><br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত শিক্ষাগত যোগ্যতাসহ সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৬। | অতিরিক্ত পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উপপরিচালক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৭। | সিস্টেম এ্যানালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৮। | সিনিয়র কনসালটেন্ট | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) রেসিডেন্ট সাইকিয়াট্রিস্ট পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রিসহ সাইকিয়াট্রি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(গ) কোনো স্বীকৃত মেডিকেল জার্নালে প্রকাশিত অন্যূন ২ (দুই) টি প্রকাশনা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৯। | সিনিয়র কনসালটেন্ট (রেডিওলজি) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) জুনিয়র কনসালটেন্ট (রেডিওলজি) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) কোনো স্বীকৃত মেডিকেল জার্নালে প্রকাশিত অন্যূন ২(দুই) টি প্রকাশনা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১০। | উপ-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী পরিচালক বা হিসাবরক্ষণ কর্মকর্তা বা আইন কর্মকর্তা পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১১। | রেসিডেন্ট সাইকিয়াট্রিস্ট | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) মেডিকেল অফিসার বা সহকারী রেজিস্ট্রার বা ইমার্জেন্সি মেডিকেল অফিসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে এমবিবিএস ডিগ্রিসহ সাইকিয়াট্রি বিষয়ে স্নাতক ডিগ্রি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১২। | জুনিয়র কনসালটেন্ট (প্যাথলজি) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) মেডিকেল অফিসার বা সহকারী রেজিস্ট্রার বা ইমার্জেন্সি মেডিকেল অফিসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে প্যাথলজি বিষয়ে স্নাতকোত্তর বা ডিপ্লোমা ডিগ্রি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৩। | জুনিয়র কনসালটেন্ট (রেডিওলজি) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) মেডিকেল অফিসার বা সহকারী রেজিস্ট্রার বা ইমার্জেন্সি মেডিকেল অফিসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে রেডিওলজি বিষয়ে স্নাতকোত্তর বা ডিপ্লোমা ডিগ্রি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১৪। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৫। | রাসায়নিক পরীক্ষক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী রাসায়নিক পরীক্ষক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৬। | কনসালটেন্ট সাইকিয়াট্রিক সোশ্যাল ওয়ার্কার | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>রিহেবিলিটেশন অফিসার বা সাইকিয়াট্রিক সোশ্যাল ওয়ার্কার পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজকল্যাণ বা সমাজকর্ম বা মনোবিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৭। | কনসালটেন্ট ক্লিনিক্যাল সাইকোলজিস্ট | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>রিহেবিলিটেশন অফিসার বা সাইকিয়াট্রিক সোশ্যাল ওয়ার্কার পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজকল্যাণ বা সমাজকর্ম বা মনোবিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৮। | সহকারী পরিচালক | ৩০ বৎসর। | (ক) মোট পদের শতকরা ৩৪ (চৌত্রিশ) ভাগ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) প্রসিকিউটর বা প্রশাসনিক কর্মকর্তা বা পরিদর্শক বা তত্ত্বাবধায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | (খ) শতকরা ৬৬ (ছেষট্টি) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষাজীবনে একাধিক ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(গ) প্রার্থীকে নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতাসম্পন্ন হইতে হইবে:—<br>(১) উচ্চতা (অন্যূন): পুরুষ-৫ ফুট ৪ ইঞ্চি বা ১.৬৩ মিটার, মহিলা-৫ ফুট ২ ইঞ্চি বা ১.৫৭ মিটার;<br>(২) বুকের মাপ: উভয় ক্ষেত্রে - ৭৮ সে.মি, ৮২ সে.মি. (সম্প্রসারিত);<br>(৩) ওজন (অন্যূন): পুরুষ- ৫৩ কেজি<br>মহিলা- ৪৬ কেজি; এবং<br>(ঘ) অবিবাহিত হইতে হইবে।<br><br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৯। | মেডিকেল অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং<br>(গ) ১(এক) বৎসরের ইনসার্ভিস প্রশিক্ষণ থাকিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২০। | সহকারী রেজিস্ট্রার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং<br>(গ) ১(এক) বৎসরের ইনসার্ভিস প্রশিক্ষণ থাকিতে হইবে। |
| ২১। | ইমার্জেন্সি মেডিকেল অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত; এবং<br>(গ) ১(এক) বৎসরের ইনসার্ভিস প্রশিক্ষণ থাকিতে হইবে। |
| ২২। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৩। | রিহেবিলিটেশন অফিসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজকল্যাণ বা সমাজকর্ম বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ২৪। | সহকারী রাসায়নিক পরীক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বা প্রাণরসায়ন বা ফলিত রসায়ন বা ফলিত রসায়ন ও কেমিকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২৫। | সাইকিয়াট্রিক স্যোশাল ওয়ার্কার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজকল্যাণ বা সমাজকর্ম বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ২৬। | ক্লিনিক্যাল সাইকোলজিষ্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ক্লিনিক্যাল সাইকোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ২৭। | সিনিয়র মেট্রন | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>মেট্রন (জুনিয়র) বা নার্সিং সুপারভাইজার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন পদে কর্মরতগণের মধ্য হইতে। |
| ২৮। | হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হিসাব রক্ষক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২৯। | আইন কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ৩০। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>(ক) হিসাব রক্ষক বা স্টোর অফিসার পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা; বা<br>(খ) প্রধান সহকারী বা সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর বা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা; বা<br>(গ) উচ্চমান সহকারী বা সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে;<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩১। | প্রসিকিউটর | ৩০ বৎসর | মোট পদের শতকরা ৩০ (ত্রিশ) ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৭০ (সত্তর) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সহকারী প্রসিকিউটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ৩২। | পরিদর্শক | ৩০ বৎসর | মোট পদের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>উপ-পরিদর্শক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে;<br>(গ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | (ঙ) নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতাসম্পন্ন হইতে হইবে, যথা:—<br>উচ্চতা (অন্যূন)-পুরুষ: ৫ (পাঁচ) ফুট ৪ (চার) ইঞ্চি বা ১.৬৩ (এক দশমিক ছয় তিন) মিটার,<br>মহিলা: ৫ (পাঁচ) ফুট ২ (দুই) ইঞ্চি বা ১.৫৭ (এক দশমিক পাঁচ সাত) মিটার;<br>বুকের মাপ- উভয় ক্ষেত্রে: ৭৮ (আটাত্তর) সেঃ মিঃ থেকে ৮২ (বিরাশি) সেঃমিঃ (সম্প্রসারিত);<br>ওজন (অন্যূন)- পুরুষ: ৫০ (পঞ্চাশ) কেজি,<br>মহিলা: ৪৬ (ছেচল্লিশ) কেজি; এবং<br>(চ) প্রার্থীকে অবিবাহিত হইতে হইবে। |
| ৩৩। | কাউন্সেলর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মনোবিজ্ঞান বা সমাজকল্যাণ বা সমাজকর্ম বা সমাজবিজ্ঞান বা ক্লিনিক্যাল সাইকোলজি বা অপরাধবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩৪। | মেট্রোন (জুনিয়র) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সিনিয়র স্টাফ নার্স পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নার্সিং বিষয়ে স্নাতক ডিগ্রি বা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা-ইন-নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এ উত্তীর্ণ; এবং<br>(খ) বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |
| ৩৫। | অডিও ভিজুয়াল অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>ক্যামেরাম্যান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিজ্ঞান বা ফলিত পদার্থবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি বা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হইতে ইলেকট্রনিক্স টেকনোলজিতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ৩৬। | নার্সিং সুপারভাইজার | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সিনিয়র স্টাফ নার্স পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>**<br>সমপদমর্যাদাসম্পন্ন পদে কর্মরতগণের মধ্য হইতে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৩৭। | তত্ত্বাবধায়ক | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা চাকরির অবসান বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে পদটি বিলুপ্ত হইবে। | | |
| ৩৮। | স্টোর অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>স্টোর কিপার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ দক্ষতা থাকিতে হইবে। |
| ৩৯। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | মোট পদের শতকরা ১০ (দশ) ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৯০ (নব্বই) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) ক্যাশিয়ার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা; বা<br>(খ) হিসাব সহকারী পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ দক্ষতা থাকিতে হইবে। |
| ৪০। | সহকারী প্রসিকিউটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যেমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৪১। | অকুপেশনাল থেরাপিস্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে অকুপেশনাল থেরাপিতে ডিপ্লোমা ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪২। | সিনিয়র স্টাফ নার্স | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নার্সিং বিষয়ে স্নাতক ডিগ্রি বা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা-ইন-নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এ উত্তীর্ণ; এবং<br>(খ) বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |
| ৪৩। | স্টাফ নার্স | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নার্সিং বিষয়ে স্নাতক ডিগ্রি বা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা-ইন-নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এ উত্তীর্ণ; এবং<br>(খ) বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |
| ৪৪। | ক্যামেরাম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ফটোগ্রাফিতে ডিপ্লোমা; এবং<br>(গ) ভিডিও ক্যামেরাসহ সকল ধরনের ক্যামেরা ব্যবহারে দক্ষতা। |
| ৪৫। | মেডিকেল টেকনোলজিষ্ট (রেডিওলজি) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সরকার কর্তৃক স্বীকৃত কোনো হেলথ টেকনোলজি ইনস্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজিস্ট (রেডিওলজি) বিষয়ে ডিপ্লোমা। |
| ৪৬। | ফার্মাসিস্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সরকার কর্তৃক স্বীকৃত কোনো হেলথ টেকনোলজি ইনস্টিটিউট হইতে ফার্মেসি বিষয়ে ডিপ্লোমা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৪৭। | কম্পাউন্ডার কাম ড্রেসারার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ফার্মেসি বিষয়ে ডিপ্লোমা। |
| ৪৮। | ফিজিক্যাল ইনস্ট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শারীরিক শিক্ষা বিষয়সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৪৯। | উপ পরিদর্শক | ২৭ বৎসর | মোট পদের শতকরা ৩৪ (চৌত্রিশ) ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৬৬ (ছেষট্টি) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>(ক) সিকিউরিটি অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; বা<br>(খ) সহকারী উপ পরিদর্শক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) অবিবাহিত হইতে হইবে; এবং<br>(গ) নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা থাকিতে হইবে, যথা:—<br>(১) উচ্চতা (অন্যূন): পুরুষ- ৫ (পাঁচ) ফুট ৪ (চার) ইঞ্চি বা ১.৬৩ (এক দশমিক ছয় তিন) মিটার;<br>মহিলা- ৫ (পাঁচ) ফুট ২ (দুই) ইঞ্চি বা ১.৫৭ (এক দশমিক পাঁচ সাত) মিটার;<br>(২) বুকের মাপ (অন্যূন): উভয় ক্ষেত্রে ৩০ (ত্রিশ) ইঞ্চি বা ৭৬ (ছিয়াত্তর) সেঃ মিঃ, সম্প্রসারিত ৩২ (বত্রিশ) ইঞ্চি বা ৮১ (একাশি) সেঃ মিঃ;<br>(৩) ওজন (অন্যূন): পুরুষ-৫৩ (তিপান্ন) কেজি, মহিলা- ৪৬ (ছেচল্লিশ) কেজি। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫০। | গবেষণা তথ্য সংগ্রহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) গবেষণা কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৫১। | সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫২। | সিকিউরিটি অফিসার | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী উপ-পরিদর্শক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৫৩। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৪। | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা; বা<br>(খ) সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা; বা<br>(গ) ক্যাশিয়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৫৫। | ল্যাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৫৬। | ডায়েটিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুষ্টিবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৫৭। | সিনিয়র ল্যাব টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। |
| ৫৮। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৫৯। | ক্যাশিয়ার | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৬০। | স্টোর কীপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৬১। | মটর মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে মটর মেকানিক ট্রেড কোর্স সম্পন্ন। |
| ৬২। | সহকারী উপ পরিদর্শক | - | মোট পদের শতকরা ৯০ (নব্বই) ভাগ সিপাই পদ হইতে এবং শতকরা ১০ (দশ) ভাগ ওয়্যারলেস অপারেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) সিপাই পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা; বা<br>(খ) ওয়্যারলেস অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৬৩। | উচ্চমান সহকারী | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা চাকরির অবসান বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে পদটি বিলুপ্ত হইবে। | | |
| ৬৪। | ভোকেশনাল ইন্সট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৫। | স্টুয়ার্ড | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) সহকারী স্টুয়ার্ড বা এ্যাসিস্টেন্ট স্টুয়ার্ড পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা; বা<br>(খ) ডায়েট এ্যাসিস্টেন্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৬৬। | ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৬৭। | অডিও ভিজুয়াল অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) অডিও ভিজুয়াল মেশিন অপারেশনে অভিজ্ঞতা সম্পন্ন। |
| ৬৮। | পাম্প অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সম্পন্ন। |
| ৬৯। | গাড়ীচালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা বা ভারি গাড়ি চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে; এবং<br>(গ) হালকা বা ভারি গাড়ি চালনায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৭০। | ইসিজি টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ইসিজিতে ট্রেডকোর্স সম্পন্ন। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৭১। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | মোট পদের শতকরা ২০ (বিশ) ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৮০ (আশি) ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহায়ক পদে অন্যূন ১০ (দশ) বৎসর চাকরির অভিজ্ঞতা;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২০ (বিশ) শব্দ এবং ইংরেজিতে প্রতি মিনিটে ২০ (বিশ) শব্দ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২০ (বিশ) শব্দ এবং ইংরেজিতে প্রতি মিনিটে ২০ (বিশ) শব্দ। |
| ৭২। | লিনেন কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ দক্ষতা থাকিতে হইবে। |
| ৭৩। | টিকেট ক্লার্ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ দক্ষতা থাকিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৭৪। | রেন্ট কালেক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ দক্ষতা থাকিতে হইবে। |
| ৭৫। | সহকারী স্টুয়ার্ড/ এ্যাসিসটেন্ট স্টুয়ার্ড | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জীববিজ্ঞান বিষয়সহ অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ দক্ষতা থাকিতে হইবে। |
| ৭৬। | ডায়েট এ্যাসিসটেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জীববিজ্ঞান বিষয়সহ অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ দক্ষতা থাকিতে হইবে। |
| ৭৭। | ওয়ার্ড মাষ্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ দক্ষতা থাকিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৭৮। | রিসিপশনিষ্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ দক্ষতা থাকিতে হইবে। |
| ৭৯। | রেকর্ড কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ দক্ষতা থাকিতে হইবে। |
| ৮০। | টেলিফোন অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ দক্ষতা থাকিতে হইবে। |
| ৮১। | হিসাব সহকারী | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা চাকরির অবসান বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে পদটি বিলুপ্ত হইবে। | | |
| ৮২। | গ্রন্থাগার সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৩। | টেবুলেটর | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা চাকরির অবসান বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে পদটি বিলুপ্ত হইবে। | | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৮৪। | সিপাই | ২০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) উচ্চতা (অন্যূন):পুরুষ- ৫ (পাঁচ) ফুট ৬ (ছয়) ইঞ্চি বা ১.৬৮ (এক দশমিক ছয় আট) মিটার;<br>মহিলা- ৫ (পাঁচ) ফুট ২ (দুই) ইঞ্চি বা ১.৫৭ (এক দশমিক পাঁচ সাত) মিটার;<br>(গ) বুকের মাপ (অন্যূন): উভয় ক্ষেত্রে ৩১ (একত্রিশ) ইঞ্চি বা ৭৮ (আটাত্তর) সে:মি:, সম্প্রসারিত ৩২ (বত্রিশ) ইঞ্চি বা ৮২ (বিরাশি) সে: মি:;<br>(ঘ) ওজন (অন্যূন): পুরুষ- ৫০ (পঞ্চাশ) কেজি;<br>মহিলা- ৪৬ (ছেচল্লিশ) কেজি; এবং<br>(ঙ) অবিবাহিত হইতে হইবে। |
| ৮৫। | ওয়্যারলেস অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে । | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) উচ্চতা (অন্যূন):পুরুষ- ৫ (পাঁচ) ফুট ৬ (ছয়) ইঞ্চি বা ১.৬৮ (এক দশমিক ছয় আট) মিটার;<br>মহিলা- ৫ (পাঁচ) ফুট ২ (দৃই) ইঞ্চি বা ১.৫৭ (এক দশমিক পাঁচ সাত) মিটার; |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | (গ) বুকের মাপ (অন্যূন): উভয় ক্ষেত্রে ৩১ (একত্রিশ) ইঞ্চি বা ৭৮ (আটাত্তর) সে:মি:, সম্প্রসারিত ৩২ (বত্রিশ) ইঞ্চি বা ৮২ (বিরাশি) সে: মি:;<br>(ঘ) ওজন (অন্যূন): পুরুষ- ৫০ (পঞ্চাশ) কেজি; মহিলা-৪৬ (ছেচল্লিশ) কেজি; এবং<br>(ঙ) অবিবাহিত হইতে হইবে। |
| ৮৬। | ক্যাশ সরকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৭। | ডেসপাচ রাইডার | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৮৮। | বাবুর্চি | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা চাকরির অবসান বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী। | | |
| ৮৯। | ল্যাব এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯০। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে । | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯১। | সহকারী বাবুর্চি | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা চাকরির অবসান বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী। | | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৯২। | নিরাপত্তা প্রহরী | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা চাকরির অবসান বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী। | | |
| ৯৩। | মালী | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা চাকরির অবসান বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী। | | |
| ৯৪। | পরিচ্ছন্নতা কর্মী | পদোন্নতি বা অবসর বা পদত্যাগ বা চাকরির অবসান বা মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing)” প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী:<br>তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। | | |
| ৯৫। | ইলেকট্রিশিয়ান | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৯৬। | অফিস সহায়ক | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮’’ অনুযায়ী। | | |
| ৯৭। | অফিস সহায়ক/ ওয়ার্ডবয় | “আউট সোর্সিং (Outsourcing)” প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮’’ অনুযায়ী। | | |
| ৯৮। | ওয়ার্ডবয়/আয়া | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮’’ অনুযায়ী। | | |
| ৯৯। | বার্তাবাহক | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮’’ অনুযায়ী। | | |
| ১০০। | বাবুর্চি | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮’’ অনুযায়ী। | | |
| ১০১। | সহকারী বাবুর্চি | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮’’ অনুযায়ী। | | |
| ১০২। | নিরাপত্তা প্রহরী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮’’ অনুযায়ী। | | |
| ১০৩। | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮’’ অনুযায়ী। | | |

**তফসিল-২**

**[বিধি ২ এর দফা (গ) , তফসিল-১ এর ক্রমিক নং ৩০ ও ৩২ দ্রষ্টব্য]**

প্রশাসনিক কর্মকর্তা এবং পরিদর্শক পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি</th><th rowspan="2">বিষয় ভিত্তিক নম্বর</th><th rowspan="2">মোট নম্বর</th><th rowspan="2">সর্বনিম্ন পাস নম্বর</th><th rowspan="2">লিখিত পরীক্ষার সময়</th></tr>
<tr><td rowspan="5">(ক)</td><td>১. লিখিত পরীক্ষার বিষয়</td></tr>
<tr><td>বাংলা</td><td>৭৫</td><td rowspan="4">২০০</td><td rowspan="4">৫০%</td><td rowspan="5">৩ ঘন্টা</td></tr>
<tr><td>ইংরেজি</td><td>৭৫</td></tr>
<tr><td>গণিত</td><td>২৫</td></tr>
<tr><td>সাধারণ জ্ঞান</td><td>২৫</td></tr>
<tr><td>(খ)</td><td colspan="2">২. মৌখিক পরীক্ষা</td><td>২৫</td><td>৫০%</td></tr>
<tr><td colspan="3">সর্বমোট নম্বর</td><td colspan="3">২২৫</td></tr>
</table>

**ব্যাখ্যা:**—(১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

(২) প্রার্থীগণের কম্পিউটারে Word processing এর অভিজ্ঞতা ও দক্ষতা থাকিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd